অনুষ্ঠান করে, তৎসমুদয় কেবল কায়িকক্লেশেই পর্য্যবসিত হয়। ভক্তির সাহায্যব্যতীত কোন কর্ম্মই সিদ্ধ হয় না, কেবল কর্ম্ম অনুষ্ঠানের পরিশ্রমই তাহাদের সার হইয়া থাকে। শ্রীযুধিষ্ঠির মহাশয়ও (১০।৭২।৪) বলিয়াছেন যে—হে শ্রীকৃষ্ণ! সর্ব্ব অমঙ্গল-বিনাশকারী তোমার শ্রীচরণপাদুকাযুগল যাঁহারা পবিত্রভাবে দেহদ্বারা নিয়ত পরিচর্য্যা করেন, মনে মনে ধ্যান করেন, এবং বাক্যদ্বারা তোমার লীলাকথা কীর্ত্তন করেন, হে কমলনাভ! তাঁহারা মোক্ষ পর্য্যন্ত লাভ করিতে সমর্থ হইয়া থাকেন। যদি তাঁহারা অন্য কোন কামনার পূর্ত্তিলাভের জন্য ইচ্ছা করেন, তবে তোমার শ্রীচরণসেবাপ্রসাদেই তাহাও সিদ্ধ হইয়া থাকে! কিন্তু তোমার ভক্তব্যতীত অন্য কেহ তৎসমুদয় লাভ করিতে সমর্থ হয় না। এইজন্য বৃহন্নারদীয় পুরাণেও উক্ত হইয়াছে যে—জল যেমন নিখিল লোকের জীবন, সেইপ্রকার ভক্তিও অখিল সিদ্ধির জীবনস্বরূপ। শ্রীদামবিপ্র বলিয়াছেন ॥ ৯৭ ॥

তদেবং তানি সাধনানি ভক্তিজীবনান্যেবেতি ভক্তেরেব সর্ব্বাত্রাভিধেয়ত্বং। তানি বিনাপি চ ভক্তেরেব তত্র সাধকত্বমপি দর্শিতম্, অকামঃ সর্ব্বকামো বেত্যাদৌ। যথা শ্রীবিষ্ণুপুরাণে পুলহবাক্যম্—যো যজ্ঞপুরুষো যজ্ঞে যোগে যঃ পরমঃ পুমান্। তস্মিংস্তুষ্টে যদপ্রাপ্যং কিন্তদস্তি জনার্দ্দনে॥ অতএব মোক্ষধর্ম্মে—যা বৈ পুরুষসম্পত্তিঃ পুরুষার্থ-চতুষ্টয়ে। তয়া বিনা তদাপ্নোতি নরো নারায়ণাশ্রয় ইতি। তস্মাৎ সাধুক্তং সর্ব্ব-শাস্ত্রশ্রবণফলত্বেন তদভিধেয়ত্বং। অতএব প্রথমং স্বয়ং ভগবতা সৈব প্রবর্ত্তিতেত্যুক্তম্—কালেন নষ্টা প্রলয়ে বাণীয়মিত্যাদিনা। তদেবং সতি যেতু নাতিকোবিদাস্তে তত্তদর্থং কর্ম্মাদ্যঙ্গত্বেনৈব শ্রীবিষ্ণুপাসনাং কুর্ব্বতে। ততস্তদপরাধেন নিজকামনামাত্রফলপ্রদত্বং তত্রানিয়তত্বঞ্চ, তস্যাস্তদর্থমপিস্বতন্ত্রত্বেন ক্রিয়মাণায়া ভক্তেস্তত্ত্বশ্যং তত্তৎফলপ্রদত্বং। ন চ তত্তন্মাত্রদানেন পর্য্যাপ্তিঃ, কিন্তু পর্য্যবসানে পরমফলপ্রদত্বমেবেতি। ততস্তস্যা এব পরমহিতত্বেনাভিধেয়ত্বমাহ—

সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণাং
নৈবার্থদো যৎ পুনরর্থিতা যতঃ।
স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতা-
মিচ্ছাপিধানং নিজপাদপল্লবম্ ॥ ৯৮ ॥

অর্থিতঃ প্রার্থিতঃ সন্ নৃণামর্থিতং সত্যমেব দদাতি। ন তত্র কদাচিদ্ ব্যভিচার ইত্যর্থঃ। কিন্তু তথাপি তন্মাত্রেণার্থদো ন ভবতি তন্মাত্রং দত্বা নিবৃত্তো ন ভবতি ইত্যর্থঃ। যত উপাসকস্তত্রাপূর্ণত্বাৎ ভোগক্ষয়ে সতি তদেব পুনরর্থিতো ভবতি, ন জাতু কামঃ কামানামিত্যাদেঃ। তদেবমভিপ্রেত্য পরমকারুণিকস্তৎপাদপল্লবমাধুর্য্যা-জ্ঞানেন তদনিচ্ছতামপি ভজতামিচ্ছাপিধানং সর্ব্বকামসমাপকং নিজপাদপল্লবমেব বিধত্তে তেভ্যো দদাতীত্যর্থঃ। যথা মাতা চর্ব্যমাণাং মৃত্তিকাং বালকমুখাদপসার্য্য তত্র